ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/র-৮৭/২০১৭/ ১৬৮০৪

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খেদাবাগ একরামিয়া ফাজিল মাদরাসা, লালমনিরহাট-এর অধ্যক্ষের অবসর জনিত কারণে অধ্যক্ষ পদ শূন্য হলেও উপাধ্যক্ষকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান না করে নিয়ম বহির্ভূতভাবে জনাব মোঃ বেলাল হোসেন, সহকারী অধ্যাপক, ইসলামের ইতিহাস কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়েছে মর্মে গত ০৯.১০.২০২৫খ্রি. অনুষ্ঠিত শুনানীতে তদন্ত কমিটির নিকট প্রতীয়মান হয়েছে।

উল্লেখ্য যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বেসরকারি মাদরাসাসমূহের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের চাকরির শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০২৩ (সংশোধিত) এর ধারা ১২ (ক) মাদরাসার অধ্যক্ষ পদ শূন্য হলে /অধ্যক্ষের অবর্তমানে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে উপাধ্যক্ষকে দায়িত্ব প্রদান করতে হবে মর্মে বিধান রয়েছে।

এমতাবস্থায়, সহকারী অধ্যাপক, ইসলামের ইতিহাস জনাব মোঃ বেলাল হোসেনকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হতে অব্যাহতি দিয়ে উপাধ্যক্ষ জনাব মোঃ আমজাদুল ইসলামকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

১২/১০/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫৪০৮০০১
মেইল: iauregistr@gmail.com

জনাব মোঃ রিয়াজুল হক পাটোয়ারী
সভাপতি
খেদাবাগ একরামিয়া ফাজিল মাদরাসা
সদর, লালমনিরহাট।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/র-৮৭/২০১৭/ ১৬৮০৪

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
২. জনাব মোঃ আমজাদুল ইসলাম, উপাধ্যক্ষ, খেদাবাগ একরামিয়া ফাজিল মাদরাসা, লালমনিরহাট।
৩. জনাব মোঃ বেলাল হোসেন, সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস), খেদাবাগ একরামিয়া ফাজিল মাদরাসা লালমনিরহাট।
৪. আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি ও মহানথি।

১২/১০/২৫

(মো: শহিদুল ইসলাম)
সহকারী রেজিস্ট্রার
মোবাইল: ০১৫২১-৭৩১৬২৯